

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৯২.১৬.

তারিখ : ০৩/২০১৭ খ্রিঃ

বিষয় : ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের সরকারি বাসভবনের ভাড়া নির্ধারণ, বসবাস ও বিদ্যুৎ বিল প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/ঠাক/২০১৭/৮৯ তারিখ: ০৮/০৩/২০১৭ খ্রিঃ।  
খ) অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৯২.১৬.৪০৭ তারিখ: ০১/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানান যাচ্ছে যে, ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের বিধি বর্হিভূত ভাবে অধ্যক্ষ এর বাসভবন ও স্টাফ কোয়ার্টারে বসবাস এবং বিদ্যুৎ ব্যবহারের বিষয়ে প্রাপ্ত অভিযোগের বিষয়ে অত্র অধিদপ্তর হতে বর্ণিত স্মারকমূলে অধ্যক্ষ, ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের লিখিত ব্যাখ্যা/মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত বিষয়ে ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ বর্ণিত স্মারক মোতাবেক লিখিত ব্যাখ্যা প্রদান করেন। উক্ত জবাব পর্যালোচনায় দেখা যায় যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় জোন এর নির্বাহী প্রকৌশলী ও স্থানীয় কনডেমশন কমিটি কর্তৃক অধ্যক্ষ কোয়ার্টার ও স্টাফ কোয়ার্টারের যে ভাড়া নির্ধারণ করা হয়েছে তা সরকারি প্রতিষ্ঠানের জন্য বেসরকারি বাড়ী ভাড়ার ক্ষেত্রে প্রযোজ্য। সরকারি বাসভবনের ভাড়া নির্ধারণের বিষয়টি স্থানীয় কনডেমশন কমিটির এখতিয়ার বহিঃভূত। এক্ষেত্রে সরকারি বাসভবনের বাসাভাড়া নির্ধারণের বিষয়ে বিদ্যমান সরকারি বিধি বিধান প্রযোজ্য।

২। অত্র অধিদপ্তরের স্মারক নং-বাজেট-১৩৮/৮৯/(অংশ-২)/৪১৭(১০০) তারিখ: ২২/০৫/৯৩ খ্রিঃ মোতাবেক ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের কোয়ার্টার সমূহে যে বিদ্যুৎ বিল কর্তণ করা হয় তা বিধি বহিঃভূত। উক্ত তারিখের পর বিদ্যুৎ ব্যবহারের বিষয়ে একাধিক সরকারি পরিপত্র জারী হয়েছে। উক্ত সময়ের পর ২৪ বছর ধাপে ধাপে বিদ্যুৎ এর মূল্য কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। প্রতিষ্ঠানের অভ্যন্তরে সরকারি বাসায় কোন ভাবেই সরকারি মিটার থেকে বিদ্যুৎ বিল পরিশোধের কোন সুযোগ নেই। এছাড়া যদিও প্রতিষ্ঠানের মিটার থেকে বাসভবনে বিদ্যুৎ সংযোগ ব্যবহার করার হয়, সেক্ষেত্রে সাব মিটার বসিয়ে ব্যবহৃত বিদ্যুৎ এর মিটার রিডিং অনুযায়ী বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।

এছাড়া সরকারি কোয়ার্টার সমূহে কেন এতদিন আলাদা মিটার লাগানোর ব্যবস্থা করা হয়নি তা সন্দেহজনক।

৩। এমতাবস্থায়, পত্র প্রাপ্তি মাত্র বিদ্যমান বিধি বিধান অনুসরণ পূর্বক বাসাভাড়া এবং বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-  
( মোঃ মিজানুর রহমান )  
যুগ্ম-সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ  
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ঠাকুরগাঁও।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৯২.১৬. ৬০৭ (৬)

তারিখ : ২৩/০৩/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ঠাকুরগাঁও।
- ৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় জোন, পঞ্চগড়।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-  
( মোঃ জহুরুল ইসলাম )  
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
২৩/৩/১৭